যুগান্তর

তারিখ ... 23-SEP 2005
পৃষ্ঠা – ৩ ... কলাম – ৭

পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় ঘোষণা

# জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে দিনভর আনন্দ উল্লাস

যুগান্তর রিপোর্ট

বৃহস্পতিবার ছিল জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উৎসবের দিন। ৩০ হাজার শিক্ষার্থী মেতে উঠেছিল আনন্দ-উৎসবে। বহু কাঙ্ক্ষিত ও প্রতীক্ষিত প্রিয় শিক্ষা প্রতিষ্ঠানকে জাতীয় সংসদে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় হিসেবে অনুমোদন দেয়ায় তারা আনন্দে আত্মহারা। তাদের সঙ্গে শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীরাও আনন্দ উল্লাসে মেতে ওঠেন। রঙ ছিটিয়ে পটকা ফুটিয়ে সারাদিন নেচে-গেয়ে দলমত ভুলে গিয়ে ছাত্রলীগ, ছাত্রদল, ছাত্রশিবির, ছাত্র ইউনিয়নসহ সব ছাত্র সংগঠনের নেতাকর্মী ও শত শত সাধারণ ছাত্রছাত্রী এই আনন্দ উল্লাস প্রকাশ করে। বের করে আনন্দ মিছিল। আয়োজন করে ব্যান্ড সঙ্গীতের অনুষ্ঠান।

ক্যাম্পাস সূত্রে জানা যায়, পুরনো ঢাকার ঐতিহ্যবাহী এই প্রাচীন শিক্ষা প্রতিষ্ঠানকে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় হিসেবে বুধবার জাতীয় সংসদে বিল পাস হওয়ায় গতকাল সকাল থেকেই বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আনন্দের আমেজ বিরাজ করে। সকাল থেকেই শিক্ষার্থীরা দলে দলে ক্যাম্পাসে প্রবেশ করে। একে অপরকে রঙ ছিটিয়ে, আতশবাজি, পটকা ফুটিয়ে আনন্দ উল্লাস প্রকাশ করতে থাকে। আয়োজন করে আনন্দ র‍্যালি আর ব্যান্ড সঙ্গীতের অনুষ্ঠান। বেলা ১২টার দিকে আনন্দ মঞ্চে এসে উপস্থিত হন জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ প্রকল্পের প্রকল্প পরিচালক ও অধ্যক্ষ প্রফেসর আয়েশা শিরিন রহমান। উপস্থিত ছিলেন সহকারী অধ্যক্ষ প্রফেসর হাসিনা বানুসহ সিনিয়র শিক্ষক-শিক্ষিকাবৃন্দ। এছাড়াও সব ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন। প্রফেসর আয়েশা শিরিন রহমান জগন্নাথ কলেজকে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় হিসেবে অনুমোদন দেয়ায় প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়াকে অভিনন্দন জানান। তিনি শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, এখন থেকে তোমরা সবাই জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী। এখন বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রী হিসেবে পরিচয় দিতে সংশয়ে পড়তে হবে না। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে তোমাদের সবাইকে স্বাগতম। তিনি আশা প্রকাশ করে বলেন, জগন্নাথ বিশ্ববিদ্যালয় হবে অনন্য বৈশিষ্ট্যের অধিকারী একটি শিক্ষা প্রতিষ্ঠান। এখানকার শিক্ষার মানও হবে উন্নত। বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি কামরুল হাসান রিপন তার বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের যাবতীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য প্রশাসনকে তার সংগঠনের পক্ষ থেকে সব ধরনের সহযোগিতার আশ্বাস দেন। বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের সাধারণ সম্পাদক আনিচুজ্জামান তালুকদার খোকন জগন্নাথ কলেজকে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়রূপে অনুমোদন দেয়ায় প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ও ঢাকার মেয়র সাদেক হোসেন খোকাকে ধন্যবাদ জানান।